উপজেলা পরিষদ কার্যালয়
নবীগঞ্জ,হবিগঞ্জ।
Website : nabiganj.habiganj.gov.bd

**০৫ আগস্ট- ২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত নবীগঞ্জ উপজেলা পরিষদ যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ঃ-**

সভাপতি ঃ জনাব নাজমা বেগম
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ।

সভার তারিখ ঃ ০৫ আগস্ট- ২০২১ খ্রিঃ সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

সভার স্থান ঃ মহিলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, উপজেলা পরিষদ,নবীগঞ্জ, হবিগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হল।

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী ও অদ্যকার সভার আলোচ্য সূচি পাঠ করার জন্য সদস্য সচিব, যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটি, উপজেলা পরিষদ, নবীগঞ্জকে নির্দেশ প্রদান করেন।

সভাপতির নির্দেশক্রমে জনাব সাব্বির আহমেদ, উপজেলা প্রকৌশলী ও সদস্য সচিব, যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটি, নবীগঞ্জ, হবিগঞ্জ বিগত সভার কার্যবিবরণী পাঠ করে সকলকে শুনান এবং কোনরূপ সংশোধন না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর নিম্নরূপ আলোচ্য সূচির আলোকে পার্শ্বে বর্ণিত সুপারিশসমুহ সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি খাতে ১ম কিস্তি বাবদ ২৮.০৫ লক্ষ বরাদ্দ প্রাওয়া গেছে। তিনি জানান যে, প্রতি অর্থ বছরের এডিপি প্রকল্প প্রস্তুত বিলম্ব হওয়ায় কারণে অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নের ডোবা জায়গায় নিয়োজিত ঠিকাদারদের কাজ করতে ব্যাঘাত সৃষ্টি হয়। বিধায় আগামী ডিসেম্বরের মধ্যে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের বিষয়ে সংশ্লিষ্টদের সবিনয় অনুরোধ জানান। এ বিষয়ে সভায় আলোচনা হয়। | ক) আগামী নভেম্বর মাসে দাখিলকৃত প্রকল্প যাচাই বাছাই এর কাজ সম্পন্ন করে ডিসেম্বরের মধ্যে বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ।<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ<br>০৩। উপজেলা প্রকৌশলী, নবীগঞ্জ |
| ০২. | **ক)** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদে মূল ভবনের ৩য় তলায় এপিও রুম মেরামত ও রংকরণ, খাদ্য অফিস মেরামত, অফিসার্স ক্লাবের ছাদ মেরামত ও পরিষ্কার এবং সমাজসেবা অফিসের পানির লাইন জরুরী ভিত্তিতে মেরামত করা হয়েছে। উক্ত মেরামত কাজে প্রায় ১৯,০০০/- (উনিশ হাজার) টাকা ব্যয় হয়েছে বলে পরিষদকে অবহিত করা হয়। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং বিল পরিশোধের বিষয়ে উপস্থিত সকলেই মতামত প্রদান করেন। | **ক)** যাবতীয় মেরামত ও সংস্কার কাজের যাবতীয় বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ।<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| | খ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের বিভিন্ন অফিসের জরুরী মেরামত বাবদ ৭,৯০০/- (সাত হাজার নয়শত) টাকা ব্যয় হয়েছে বলে পরিষদকে অবহিত করা হয়। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং বিল পরিশোধের বিষয়ে উপস্থিত সকলেই মতামত প্রদান করেন। | খ) বিস্তারিত আলোচনার পর মেরামতের যাবতীয় ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব জমা তহবিল হতে পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | গ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের সামনের পুকুর পাড়ে আগাছা হয়ে কীটপতঙ্গ ও মশামাছি বৃদ্ধিসহ আঙ্গিনার পরিবেশ বিঘ্নিত হচ্ছে। তাই জরুরী ভিত্তিতে আগাছাগুলি পরিষ্কার করা হয়েছে। এতে প্রায় ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা ব্যয় হয়েছে বলে তিনি পরিষদকে অবহিত করেন। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং বিল পরিশোধের বিষয়ে উপস্থিত সকলেই মতামত প্রদান করেন। | গ) বিস্তারিত আলোচনার পর আগাছা পরিষ্কারের যাবতীয় ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব জমা তহবিল হতে পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | ঘ) উপজেলা প্রকৌশলী জনাব সাব্বির আহমেদ অদ্যকার ভার্চুয়াল সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের সামনে রাস্তা পার্ক টাইলস দ্বারা সংস্কার করা প্রয়োজন। এখাতে প্রায় ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয় হবে তিনি পরিষদকে অবহিত করেন। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং উপস্থিত সকল সদস্যবৃন্দ উপজেলা নির্বাহী অফিসারের বাসার ভিতরের রাস্তা পার্ক টাইলস দ্বারা সংস্কার বিষয়ে মতামত প্রদান করেন। | ঘ) বিস্তারিত আলোচনার পর রাস্তা সংস্কার সমূদয় বিল উপজেলা পরিষদ রাজস্ব জমা তহবিল হতে পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নাজমা বেগম)
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো
বিষয়ক স্থায়ী কমিটি, উপজেলা পরিষদ
নবীগঞ্জ, হবিগঞ্জ।
তারিখঃ ০৫-০৮-২০২১ খ্রিঃ

স্মারক নং- ৪৬.৬০.৩৬৭৭.০০০.৯০২.০০১.২১-৪০০(২)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,নবীগঞ্জ, হবিগঞ্জ।
২। উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ।
৩। অফিস কপি।

05.08.21

সদস্য সচিব
উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো
বিষয়ক স্থায়ী কমিটি
নবীগঞ্জ, হবিগঞ্জ।

সম্মানিত সদস্যবৃন্দের হাজিরা-

| ক্রমিক | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব নাজমা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ | সভাপতি | Nazma |
| ০২ | জনাব মোঃ ছাদু মিয়া | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নবীগঞ্জ | সম্মানিত সদস্য | Chadu |
| ০৩ | জনাব মোঃ আব্দুর নুর | চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), ১০ নং গজনাইপুর, ইউ/পি, নবীগঞ্জ | সম্মানিত সদস্য | [illegible] |
| ০৪ | জনাব মোঃ বজলুর রশীদ | সাবেক চেয়ারম্যান ৩নং ইনাতগঞ্জ , নবীগঞ্জ | সম্মানিত সদস্য | Rashid |
| ০৫ | জনাব মোঃ শফিকুর রহমান | গণ্যমান্য ব্যাক্তি, মধ্যবাজার, নবীগঞ্জ | সম্মানিত সদস্য | [illegible] |
| ০৬ | জনাব মোঃ সাব্বির আহমেদ | উপজেলা প্রকৌশলী, নবীগঞ্জ | সদস্য সচিব | [illegible] |

উপজেলা প্রকৌশলীর কার্যালয়
নবীগঞ্জ,হবিগঞ্জ।

-ঃ সভার নোটিশ ঃ-

তারিখঃ ০১-০৮-২০২১ খ্রিঃ

স্মারক নং- ৪৬.৬০.৩৬৭৭.০০০.১৪.০০১.২১- ৩৮৮

উপর্যুক্ত বিষয়ের আলোকে সংশ্লিষ্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৫/০৮/২০২১খ্রিঃ তারিখ রোজ বুধবার বেলা ১২.০০ ঘটিকায় মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষে, নবীগঞ্জ যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব নাজমা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ।

উল্লিখিত তারিখ ও সময়ে আপনাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী ঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. এডিপি সংক্রান্ত আলোচনা।
৩. সিদ্ধান্তের অগ্রগতি ও পর্যালোচনা।
৪. বিবিধ।

(সাব্বির আহমেদ)
উপজেলা প্রকৌশলী
ও
সদস্য সচিব
যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটি
নবীগঞ্জ, হবিগঞ্জ।

প্রাপক ঃ

............................................................
............................................................
............................................................

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ

১৯. মাননীয় সংসদ সদস্য, নবীগঞ্জ-বাহুবল নির্বাচনী এলাকা-হবিগঞ্জ-১
২০. জেলা প্রশাসক, হবিগঞ্জ। [দৃষ্টি আকর্ষণ ঃ উপ-পরিচালক,স্থানীয় সরকার,হবিগঞ্জ]
২১. চেয়ারম্যান,উপজেলা পরিষদ, নবীগঞ্জ,হবিগঞ্জ।
২২. উপজেলা নির্বাহী অফিসার,নবীগঞ্জ,হবিগঞ্জ।
২৩. মহিলা ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, নবীগঞ্জ,হবিগঞ্জ।
২৪. অফিস কপি।